



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০১

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

স্মারক নংঃ প্রকা/শানিব্যাউবি-১(৫৯)/স্কুল ব্যাংকিং/২০২৪-২০২৫/ ২৪৬

তারিখঃ ৩১-০৭-২০২৪ খ্রি.

মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থবছরের স্কুল ব্যাংকিং হিসাব খোলার লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক এর ভিত্তি শক্তিশালী করার পাশাপাশি অদূর ভবিষ্যতে ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার প্রত্যয় নিয়ে ২০২৪-২০২৫ অর্থবছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা ইতোমধ্যে মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। ব্যাংকের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক এবং বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ০২/১১/২০১০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকে স্টুডেন্টস সেভিংস হিসাব খোলার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে বিভাগসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলোঃ-


ক্রমিক নং	বিভাগ	লক্ষ্যমাত্রা (সংখ্যায়)
১	ঢাকা	২২,০০০
২	ময়মনসিংহ	১৯,০০০
৩	চট্টগ্রাম	১৮,০০০
৪	খুলনা	১৪,৫০০
৫	বরিশাল	১৭,৫০০
৬	সিলেট	১৪,০০০
৭	কুমিল্লা	২০,০০০
৮	ফরিদপুর	১৩,৫০০
৯	কুষ্টিয়া	১১,০০০
১০	স্থানীয় মুখ্য কার্যালয়	৫০০
	সর্বমোট	১,৫০,০০০

০২। বিশেষ নির্দেশনাঃ

- প্রতিটি জেলা/উপজেলা শাখাকে ন্যূনতম ২টি নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ/ক্যাম্পেইন করতে হবে এবং ন্যূনতম ১৫০ টি স্টুডেন্টস সেভিংস হিসাব খুলতে হবে।
- প্রতিটি ইউনিয়ন পর্যায়ের শাখাকে ন্যূনতম ১টি নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ/ক্যাম্পেইন করতে হবে এবং ন্যূনতম ১০০ টি স্টুডেন্টস সেভিংস হিসাব খুলতে হবে।
- স্কুল ব্যাংকিং ক্যাম্পেইন/যোগাযোগের প্রমাণক হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ ক্যাম্পেইন এর ছবি আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে।
- বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী জেলা/বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য স্কুল ব্যাংকিং কনফারেন্স এ অংশগ্রহণ করতে হবে।
- স্কুল ব্যাংকিং কনফারেন্স এর খরচ ও ক্যাম্পেইনের জন্য উপহার সামগ্রী ক্রয় বাবদ প্রকৃত খরচ হিসেবে বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ হতে বাজেট বরাদ্দ দেয়া হবে।

০৩। উপরোক্ত নির্দেশনা মোতাবেক নির্ধারিত স্কুল ব্যাংকিং হিসাব খোলার লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

৩১.০৭.২৪
(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক